

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
ফটিকছড়ি, চট্টগ্রাম।


স্মারক নং- ৩৩.০১.১৫৩৩.০০০.১৮.০০১.১৯/৪২৩ (৭)

তারিখ: ১১/০৭/২০২১ খ্রিঃ।

আগামী ১৫/০৭/২০২১ খ্রি: তারিখ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির সভা সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ ফটিকছড়িতে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব জেবুন নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি চট্টগ্রাম।

উক্ত সভায় সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

- আলোচ্য সুচিঃ- ১। প্রাণিসম্পদের বিভাগীয় কাজ পরিচালনা।
২। গবাদী প্রাণীর তড়কা রোগের টিকা প্রদান।
৩। মৎস্য বিভাগীয় কাজ পরিচালনা।



(ড. মোহাম্মদ ওমর ফারুক)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
ফটিকছড়ি, চট্টগ্রাম

স্মারক নং- ৩৩.০১.১৫৩৩.০০০.১৮.০০১.১৯/৪২৩(৭)

তারিখ: ১১/০৭/২০২১ খ্রিঃ।

অনুলিপি ৪ অবগতির জন্য প্রেরণ করা হলো-

- ১। চেয়ারম্যান, নারায়নহাট ইউপি।
- ২। চেয়ারম্যান, হারুয়ালছড়ি ইউপি।
- ৩। চেয়ারম্যান, কাঞ্চননগর ইউপি।
- ৪। উপজেলা মৎস্য কর্মকর্তা।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি।
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফটিকছড়ি।
- ৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি।
- ৮। অফিস কপি।


(ড. মোহাম্মদ ওমর ফারুক)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
ফটিকছড়ি, চট্টগ্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
ফটিকছড়ি, চট্টগ্রাম।

স্মারক নং- ৩৩.০১.১৫৩৩.০০০.১৮.০০২.১৯/৪৪৯(৭)

তারিখ: ১৫/০৭/২০২১ খ্রি:

বিষয়:- ফটিকছড়ি উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী।
স্থান: মুক্তিযোদ্ধা জহুরুল হক হল রুম, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।
সভাপতি: জনাব জেবুন নাহার
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও সভাপতি, মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটি, ফটিকছড়ি, চট্টগ্রাম।

সভার তারিখ ও সময়: ১৫/০৭/২০২১ বৃহস্পতিবার দুপুর ২:০০ ঘটিকা।

উপস্থিতি: সভার উপস্থিতির তালিকা

১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,	সভাপতি	স্বাক্ষরিত
২। চেয়ারম্যান, হারওয়ালছড়ি ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৩। চেয়ারম্যান, নারায়নহাট ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৪। চেয়ারম্যান, কাঞ্চননগর ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৫। উপজেলা মৎস্য কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত
৬। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	সদস্য-সচিব	স্বাক্ষরিত

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত ও সালাম জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে আলোচ্য সূচি অনুযায়ী সভার কাজ পরিচালনার জন্য অনুরোধ করেন।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদের বিভাগীয় কাজ স্বাভাবিক নিয়মে চলছে। সরকারী নিয়ম মাফিক খামারীদের সাথে উঠান বৈঠক করা, টিকা প্রদান করা, প্রাথমিক চিকিৎসা দেয়া, কৃমিনাশক ঔষধ খাওয়ানোর পরামর্শ দেয়া প্রভৃতি কার্যক্রম চলছে। তবে উপজেলা পরিষদ থেকে বরাদ্দ পেলে প্রান্তিক খামারীদের গাভী পালন বিষয়ে প্রশিক্ষণ দিলে খামারীরা আর্থিকভাবে লাভবান হবে।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় আরো জানান যে, গরুর তড়কা রোগ নিয়ন্ত্রণের জন্য টিকা প্রদান কার্যক্রম চলমান আছে। এই বিষয়ে সভাপতি মহোদয় প্রাণিসম্পদ অধিদপ্তরকে কার্যকর ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন।

৩ নং আলোচ্যসূচীর আলোকে উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মৎস্য বিভাগীয় কাজ স্বাভাবিক নিয়মে চলছে। সরকারী/প্রাতিষ্ঠানিক জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণ, মৎস্যচাষী প্রশিক্ষণ, মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন ও দপ্তরে আগত মৎস্যচাষীদের পুকুরের মাটি- পানি পরীক্ষা এবং মাছের রোগ দমনে ও উৎপাদন বৃদ্ধিতে প্রয়োজনীয় পরামর্শ প্রদান, মৎস্য আড়ৎ, মাছবাজার ও মৎস্য খাদ্যদোকান পরিদর্শন ও লাইসেন্স প্রদান, অভিযান/ মোবাইল কোর্ট পরিচালনা, মৎস্যচাষীদের ব্যাংক ঋন প্রাপ্তিতে সহায়তা প্রদান এবং মৎস্য চাষী প্রত্যাশন। উল্লিখিত কার্যক্রম গুলো চলমান। তবে উপজেলা পরিষদ থেকে বরাদ্দ পাওয়া গেলে প্রান্তিক পর্যায়ের মৎস্যচাষীদের প্রশিক্ষণ প্রদান করা হলে আর্থিকভাবে উপকৃত হবে, কর্মসংস্থান সৃষ্টি হবে এবং জাতীয়ভাবে আমিষের ঘাটতি পূরণে সহায়ক ভূমিকা রাখবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(জেবুন নাহার)

১৫.৭.২১

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও সভাপতি


মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটি, ফটিকছড়ি, চট্টগ্রাম

স্মারক নং- ৩৩.০১.১৫৩৩.০০০.১৮.০০২.১৯/৪৪২(৭)

তারিখ: ১৫/০৭/২০২১ খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল।

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।
২. উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফটিকছড়ি, চট্টগ্রাম।
৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।
৪. চেয়ারম্যান, নারায়নহাট ইউপি, ফটিকছড়ি, চট্টগ্রাম।
৫. চেয়ারম্যান, হারওয়ালছড়ি ইউপি, ফটিকছড়ি, চট্টগ্রাম।
৬. চেয়ারম্যান, কাঞ্চননগর ইউপি, ফটিকছড়ি, চট্টগ্রাম।
৭. দপ্তর অনুলিপি।


(ড. মোহাম্মদ ওমর ফারুক)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
ফটিকছড়ি, চট্টগ্রাম